



পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল: ৮-১০)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০১

www.pallisanchaybank.gov.bd

“শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার”

স্মারক নং- পসব্য/প্রকা/আইটি-২৭/২০২২-২৩/৯১৬১৫

তারিখঃ ০৬/০৭/২০২৩খ্রি.

- ১। জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা
- ২। নিরীক্ষা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা
- ৩। শাখা ব্যবস্থাপক, সকল শাখা
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়ঃ কর্পোরেট সিমের প্যাকেজ পরিবর্তন ও পরবর্তী করণীয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পল্লী সঞ্চয় ব্যাংকের কর্মকর্তা-কর্মচারীদের দাপ্তরিক কাজে ব্যবহারের জন্য মোবাইল অপারেটর কোম্পানী বাংলালিংকের মাধ্যমে পোস্টপেইড কর্পোরেট সিম সরবরাহ করা হয়। ব্যাংক নীতিমালা অনুযায়ী মাসিক নির্দিষ্ট পরিমাণ প্রাপ্যতার লিমিট থাকায় বাংলালিংকের বর্তমান পোস্ট-পেইড কল সিস্টেম নির্দিষ্ট লিমিট পর্যন্ত ব্যবহার হওয়ার পর সিমের কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে দাপ্তরিক কাজের সুবিধার্থে বাংলালিংক কর্পোরেট সিমগুলোর নম্বর অপরিবর্তিত রেখে ইতোমধ্যে পোস্টপেইড থেকে প্রি-পেইড এ রূপান্তর করা হয়েছে। উল্লেখ্য উক্ত কর্পোরেট সিমে যেকোন অপারেটর কথা বলতে মিনিট প্রতি মাত্র ৪৫ পয়সা খরচ হবে। যাহা আমাদের জন্য অনেক সাশ্রয়ী। উক্ত সিম নিম্নবর্ণিতভাবে ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলোঃ

১. জুলাই'২০২৩ হতে প্রতি মাসের শুরুতে পল্লী সঞ্চয় ব্যাংকের নীতিমালা/প্রাপ্যতা অনুযায়ী সিমগুলোতে টাকা রিচার্জ করা হবে। উক্ত টাকা হতে নিজেদের পছন্দমতো বাংলালিংকের প্যাকেজ ক্রয় করা যাবে। এমনকি ব্যালেন্স শেষ হয়ে গেলে নিজ অর্থায়নে টাকা রিচার্জ করা যাবে। অবশিষ্ট টাকা যদি থাকে তবে তা পরবর্তী মাসের ব্যালেন্সের সাথে যোগ হয়ে যাবে।
২. সরবরাহকৃত সিমগুলো সার্বক্ষণিক চালু রাখতে হবে। দাপ্তরিক কাজে সর্বদা অফিসিয়াল সিম ব্যবহার করতে হবে। অন্য সিমের নম্বর দাপ্তরিক কাজে ব্যবহার করা যাবে না।
৩. যেহেতু পল্লী সঞ্চয় ব্যাংকের নীতিমালা/প্রাপ্যতা অনুযায়ী সিমগুলোতে টাকা রিচার্জ করা হবে সেহেতু কোন অবস্থাতেই এই খাত হতে অফিস থেকে কোন নগদ অর্থ উত্তোলন করা যাবে না।
৪. যাদের এখনো পর্যন্ত কর্পোরেট সিম দেওয়া হয়নি তারা নিয়ম অনুযায়ী ব্যাংক থেকে মোবাইল ভাটা উত্তোলন করতে পারবেন। পরবর্তীতে পর্যায়ক্রমে যখন কর্পোরেট সিম দেওয়া হবে সেই সিমগুলো ঐ একই নিয়মে চালু করা হবে।
৫. প্রাপ্যতা অনুযায়ী রিচার্জ না হয়ে থাকলে জনাব শেখ ফয়সাল আহমেদ, সহকারী সিস্টেম ইঞ্জিনিয়ার (হার্ড ও নেট), মোবাইল নং: ০১৯৫৮৬০১৫৩৮ এর সাথে যোগাযোগ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়গুলো মেনে চলার জন্য সবাইকে নির্দেশ প্রদান করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(শেখ মোঃ জামিনুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৫৫১৩৮৫৫৯

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
২. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৩. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৪. সকল স্তরের কর্মকর্তা-কর্মচারী, পল্লী সঞ্চয় ব্যাংক।